গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নেত্রকোণা সরকারি মহিলা কলেজ,নেত্রকোণা।
Website:www.netrakonagmc.edu.bd
E-mail: ngovtmc@yahoo.com
Phone: 02996651629

তারিখ: ১২/০২/২০২৫ খ্রি.।

বিজ্ঞপ্তি

২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন নির্ভুলভাবে তথ্য এন্ট্রি ও প্রক্রিয়াকরণের লক্ষ্যে উপবৃত্তি ফরম কলেজ হতে সংগ্রহ করে যথাযথভাবে পূরণপূর্বক কলেজ কার্যালয়ে জমা দিতে হবে। যথাযথভাবে উপবৃত্তির ফরম পূরণ ও জমাদানের লক্ষ্যে নিম্নেবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে। উপবৃত্তির আবেদন ফরম আগামী ১৩/০২/২০২৫ খ্রি. হতে ২৩/০২/২০২৫ খ্রি. পর্যন্ত বিতরণ ও জমা নেয়া হবে। উল্লেখ্য যে, শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত এবং শিক্ষা ভাতাপ্রাপ্ত শিক্ষার্থীগণ উপবৃত্তি প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

প্রয়োজনীয় কাগজপত্র ও নিয়মাবলী

০১. উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম (কলেজের অফিস হতে সংগ্রহ করতে হবে)।
০২. শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি-০১ কপি ।
০৩. শিক্ষার্থীর অনলাইন জন্মসনদের ফটোকপি (১৭ ডিজিটের হতে হবে)- ০১ কপি।
০৪. শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের কপি (০১ কপি করে)।
০৫. পিতা মাতার অবর্তমানে আইনানুগ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের কপি- ০১ কপি।
০৬. মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদের কপি ও উপযুক্ত প্রমাণকের কপি।
০৭. শিক্ষার্থীর এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট (বোর্ডের ফলাফল) ও রেজিস্ট্রেশন কার্ডের কপি।
০৮. অভিভাবকের সচল মোবাইল ব্যাংকিং নম্বর **(শুধুমাত্র নগদ)** যার মাধ্যমে উপবৃত্তির টাকা প্রদান করা হবে।
০৯. আবেদনকারী/আবেদনকারীর অভিভাবক শারীরিক প্রতিবন্ধী/ অভিভাবকের পরিবারের কোন সদস্য জন্মগত দীর্ঘস্থায়ী রোগ ভুগছেন/ঔষধের উপর নির্ভরশীল / মানসিক রোগে ভুগছেন এমন হলে তার প্রমাণক।
১০. অভিভাবক কোন কার্ডধারী (ভিজিডি/ভিজিএফ/বয়স্কভাতা/বিধবাভাতা/স্বামী পরিত্যক্তা) হলে তার কপি।

১৩.০২.২০২৫

(প্রফেসর বিধান চন্দ্র মিত্র)
পরিচিতি নং-৭২৬৮
অধ্যক্ষ
নেত্রকোণ সরকারি মহিলা কলেজ
নেত্রকোণা।

প্রফেসর বিধান চন্দ্র মিত্র
(আই ডি নং- ৭২৬৮)
অধ্যক্ষ
নেত্রকোণা সরকারী মহিলা কলেজ
নেত্রকোণা।